দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... 17 NOV 2008
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৭

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ

## কারিগরি শিক্ষা বোর্ডের নবম শ্রেণীর পরীক্ষা স্থগিত

।। ইত্তেফাক রিপোর্ট ।।

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উত্থাপিত হওয়ায় বাংলাদেশ কারিগরি বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৬, ১৮ ও ২০ নভেম্বর অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকেশনাল) নবম শ্রেণীর গণিত-১, সামাজিক বিজ্ঞান-১ ও ট্রেড বিজ্ঞান-১ এর চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে। অভিযোগের (১৫শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

### কারিগরি শিক্ষা বোর্ডের

(১৬শ পৃঃ পর)

বিষয়ে তদন্ত করার জন্য গতকাল কারিগরি শিক্ষা বোর্ডের সচিবের নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট এবং মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর নেতৃত্বে তিন সদস্যবিশিষ্ট ২টি উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হয়েছে। উভয় কমিটিকে আগামী তিন দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য বলা হয়েছে। স্থগিত পরীক্ষাসমূহের নতুন তারিখ পরে জানানো হবে।